

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

জনতথ্য বিভাগ



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বরঃ ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/৬২৭

তারিখঃ ১৩/০৭/২০২০

বার্তা সম্পাদক
দৈনিক প্রথম আলো
ঢাকা।

বিষয়ঃ আজ ১৩/০৭/২০২০ তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকার প্রথম পাতায় প্রকাশিত প্রচ্ছদ ছবি
বিষয়ে ঢাকা ওয়াসার প্রতিবাদ।

আজ সোমবার, ১৩/০৭/২০২০ তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকার প্রথম পাতায় একটি
প্রচ্ছদ ছবি ছাপা হয়, যাতে একজন মহিলার ছবি দিয়ে ২ ঘন্টা বসে থেকে বিল না দিয়ে ফিরে যাবার কথা
উল্লেখ করা হয়েছে।

উক্ত ভদ্রমহিলা ব্যাংক এর বুথে বিল প্রদানের জন্য লাইনে দাঁড়িয়ে ছিলেন। যদিও করোনা মহামারী
কালিন সময়ে স্বাস্থ্যবিধি মেনে গ্রাহকদের ব্যাংকে লেনদেন করতে হয় তবুও আমাদের জানা মতে কোন
বিল প্রদানের জন্য ২ ঘন্টা লাগার কথা না। এমতবস্থায়, সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে
ঢাকা ওয়াসার সম্মানিত গ্রাহকদেরকে বিল প্রদানের জন্য ব্যাংকে লাইন ধরার কোন প্রয়োজন নাই।
অনলাইন পেমেন্ট সিস্টেম এ টেলিক্যাশ, বিকাশ, শিউর ক্যাশ, এক পে সহ সকল মাধ্যমে বিল পরিশোধ
করা যায়। গ্রাহকগনকে উক্ত সুবিধা গ্রহণ করে বিল পরিশোধের অনুরোধ জানিয়ে এস এম এস প্রদান ও
টেলিফোনেও অনুরোধ করা হয়েছে। তা ছাড়া বিলের গায়ে সীল মেরেও উক্ত বিষয় গ্রাহকগনকে অবহিত
করা হয়েছে। গ্রাহকের নিজের মোবাইল ব্যাংকিং সুবিধা না থাকলেও যে কোনো দোকান বা এজেন্ট এর
নিকট হতেও বিল পরিশোধ করতে পারেন। তাই বিল পরিশোধের জন্য কারো লাইনে দাঁড়ানোর প্রয়োজন
নাই।

প্রকাশিত প্রচ্ছদ ছবিটা সম্পূর্ণ উদ্দেশ্য প্রণোদিত এবং নেতৃত্বাচক মনোভাবের প্রকাশ। তাই ঢাকা ওয়াসা
এর তীব্র প্রতিবাদ জানাচ্ছে।

পরিশেষে আমাদের প্রতিবাদলিপিটি আপনাদের পত্রিকার পরবর্তী সংখ্যায় হুবহু প্রকাশের জন্য বিনীত
অনুরোধ করা হল।

ব্যবস্থাপনা পরিচালকের মহোদয়ের অনুমোদন ক্রমে

এ এম মোস্তফা তারেক
উপ প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।